# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/১১১ তারিখঃ ২৩/০২/২০১৬

## প্রেস বিজ্ঞপ্তি

৫৬৭ তম কমিশন সভা অদ্য ২৩/০২/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. প্রথম আইসিবি মিউচ্যুয়াল ফান্ড কে মেয়াদি (closed-end) মিউচ্যুয়াল ফান্ড হতে বে-মেয়াদি (open-end) স্কীম (Growth Fund)-এ রূপান্তর এর লক্ষ্যে প্রথম আইসিবি মিউচ্যুয়াল ফান্ড এর নিরীক্ষা প্রতিবেদন এবং সম্পদ মূল্যায়ন প্রতিবেদন অদ্যকার কমিশন সভায় অনুমোদিত হয়। নিরীক্ষা প্রতিবেদন অনুযায়ী ফান্ডের নীট সম্পদ মূল্য ১৪০,৭৪,৬৩,৪০১ টাকা এবং সম্পদ মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য ১৮৭৬.৬২ টাকা। রূপান্তরিত হয়ে বে মেয়াদী নতুন ফান্ড এর নাম হবে "প্রথম আইসিবি ইউনিট ফান্ড"। কমিশন অদ্যকার সভায় প্রথম আইসিবি ইউনিট ফান্ড এর প্রসপেক্টাসও অনুমোদন করেছে। ফান্ডটির টার্গেট সাইজ ১৪২.০০ কোটি টাকা। উল্লেখ্য যে, উক্ত টার্গেট সাইজ এর মধ্যে পূর্বতন প্রথম আইসিবি মিউচ্যুয়াল ফান্ড এর ইউনিটধারীগন ১,৪০৭,৪৬৩,৪০১ কোটি টাকার ইউনিট প্রাপ্য হবেন এবং অবশিষ্ট অর্থের সমপরিমাণ ইউনিট সাধারন বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ থাকবে। ফান্ডটির সম্পদ ব্যবস্থাপক আইসিবি অ্যাসেট ম্যানেজম্যান্ট কোম্পানী লিমিটেড।

২. গত ০৯ ডিসেম্বর ২০১৫ তারিখে "দ্বিতীয় আইসিবি মিউচ্যুয়াল ফান্ড" কে মেয়াদি (close-end) থেকে বে-মেয়াদি (open-end) মিউচ্যুয়াল ফান্ড-এ রূপান্তরের উদ্দেশ্যে অনুষ্ঠিত ইউনিট মালিকগণের বিশেষ সভার প্রস্তাব মোতাবেক কমিশন দ্বিতীয় আইসিবি মিউচ্যুয়াল ফান্ড" -কে মেয়াদি (closed-end) মিউচ্যুয়াল ফান্ড হতে বে-মেয়াদি (open-end) স্কীমে রূপান্তরের আবেদনে অনুমোদন প্রদান করেছে।

৩. চতুর্থ আইসিবি মিউচ্যুয়াল ফান্ড এর নির্ধারিত অবসায়ন/রূপান্তর কার্যক্রম চলাকালীন সময়ে হাইকোর্ট ডিভিশন কর্তৃক রিট নং- ৯৪৩৩/২০১৫ এ প্রদত্ত রায় এর উপর আপীল বিভাগের মাননীয় চেম্বার জজ কর্তৃক স্থিতিবস্থা জারী হয় এবং নির্ধারিত অবসায়ন/রূপান্তর কার্যক্রমে স্থিতিবস্থা বজায় থাকে। পরবর্তীতে কমিশনের লিভ টু আপীল নং- ২৯৯/২০১৬ এর প্রেক্ষিতে গত ফেব্রুয়ারী ১১, ২০১৬ তারিখে মহামান্য সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতির নেতৃত্বে আপীল বিভাগের পূর্নাঙ্গ বেঞ্চ হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রীট পিটিশন নং-৯৪৩৩/২০১৫ এর রায়ের উপর চার (৪) সপ্তাহের স্থগিতাদেশ প্রদান করে। এর পরিপ্রেক্ষিতে চতুর্থ আইসিবি মিউচ্যুয়াল ফান্ড এর অবসায়ন/রূপান্তর কার্যক্রম ফান্ডের নির্ধারিত মেয়াদসীমা পর্যন্ত সময়কাল এর পর আরো ২৫ দিন যোগ করে অর্থাৎ ৩১ মার্চ ২০১৬ এর পরিবর্তে ২৫ এপ্রিল ২০১৬ এর মধ্যে অবসায়ন/ রূপান্তর এর অবশিষ্ট কার্যক্রম সম্পাদন করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. কমিশন, The ACME Laboratories Limited এর ৫,০০,০০,০০০ (পাঁচ কোটি) টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) বুক বিল্ডিং পদ্ধতি এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন প্রদান করেছে। উক্ত ৫,০০,০০,০০০ (পাঁচ কোটি) টি সাধারণ শেয়ারের মধ্যে ৫০% অর্থাৎ ২,৫০,০০,০০০ টি শেয়ার যোগ্য প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের (Eligible Institutional Investors) জন্য এবং ১০% অর্থাৎ ৫০,০০,০০০ টি শেয়ার মিউচ্যুয়াল ফান্ড এর জন্য, যার প্রতিটি শেয়ার কাট-অফ (cut-off) মূল্যে অর্থাৎ ৮৫.২০ টাকায় (৭৫.২০ টাকা প্রিমিয়ামসহ) সংরক্ষিত। অবশিষ্ট ৪০% অর্থাৎ ২,০০,০০,০০০ টি শেয়ার সাধারণ বিনিয়োগকারী, ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র বিনিয়োগকারী এবং নন-রেসিডেন্ট বাংলাদেশীদের (NRBs) জন্য যার প্রতিটি শেয়ার কাট-অফ মূল্যের ১০% হ্রাসকৃত মূল্য ৭৭.০০ টাকায় ইস্যুর জন্য অনুমোদন দেয়া হয়েছে। উল্লেখ্য, কাট-অফ মূল্য নির্ধারণের বিডিং-এ নির্দিষ্ট শেয়ার সংখ্যার ৩.৯০ গুণ শেয়ারের আবেদন পড়ে ৮৫.২০ টাকা মূল্যে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৪০৯,৬০,০০,০০০.০০ (চারশত নয় কোটি ষাট লক্ষ) টাকা পুঁজি উত্তোলন করে ৩ টি নতুন প্রকল্প বাস্তবায়ন এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির বিগত ৫ বৎসরের (০১-০৭-২০১০ থেকে ৩০-০৬-২০১৫ পর্যন্ত) নিরীক্ষিত বিবরণী অনুয়ায়ী শেয়ার প্রতি আয় (EPS) টাকা ৪.০৭ (Weighted Average) এবং ৩০ শে জুন ২০১৫ সমাপ্ত বৎসরের হিসাব অনুযায়ী শেয়ার প্রতি আয় ৫.৭০ টাকা। কোম্পানীর নেট এ্যাসেট ভ্যালু (NAV) টাকা ৭০.৩৭ (৩০ শে জুন ২০১৫ সমাপ্ত বৎসরে)। কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে ICB Capital Management Limited এবং রেজিষ্টার টু দি ইস্যুর দায়িত্বে নিয়োজিত রয়েছে Prime Capital Management Limited.

৫. Quasem Textile Mills Ltd. (Issuer) এর সেপ্টেম্বর ৩০, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন। অনুরূপভাবে ডিসেম্বর ৩১, ২০১৪ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন এবং মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, তারিখঃ September 27, 2009 এবং Securities and Exchange

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

Rules, 1987 এর Rule 13 এর লঙ্ঘন। উল্লেখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Quasem Textile Mills Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৬. Quasem Silk Mills Ltd. (Issuer) এর সেপ্টেম্বর ৩০, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন। অনুরূপভাবে ডিসেম্বর ৩১, ২০১৪ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন এবং মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, তারিখঃ September 27, 2009 এবং Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এর লঙ্ঘন। উল্লেখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Quasem Silk Mills Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৭. Excelsior Shoes Limited (Issuer) এর ডিসেম্বর ৩১, ২০১৪ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, তারিখঃ September 27, 2009 এর লঙ্ঘন। উল্লেখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Excelsior Shoes Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৮. Beach Hatchary Ltd. (Issuer) এর ডিসেম্বর ৩১, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন। অনুরূপভাবে মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন এবং জুন ৩০, ২০১৫ সময়ে সমাপ্ত অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, তারিখঃ September 27, 2009 এবং Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এর লঙ্ঘন। উল্লেখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Beach Hatchary Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৯. Hill Plantation Limited (Issuer) এর জুন ৩০, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৪ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন, ডিসেম্বর ৩১, ২০১৪ সময়ে সমাপ্ত অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন, এবং মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত ৩য় প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, তারিখঃ September 27, 2009 এর লঙ্ঘন। উল্লেখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Hill Plantation Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতিত) ২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২৫/০২/২০২৩

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক
ও
মুখপাত্র।

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd